## অধ্যায়-৪: বাজার

১১৮. আয়তনের ভিত্তিতে বাজারকে কয় ভাগে ভাগ করা যায়? (জ্ঞান) [বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা]
ⓐ ২ ⓑ ৩ ⓒ ৪ ⓓ ৭ — খ

১১৯. সময়ের ভিত্তিতে বাজারকে কয়টি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে? (জ্ঞান) [ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ]
ⓐ ২ ⓑ ৩ ⓒ ৪ ⓓ ৫ — গ

১২০. যে বাজারে একজন মাত্র ক্রেতা থাকে, সেই বাজারকে কী বলে? (জ্ঞান) [মৌলভীবাজার সরকারি কলেজ]
ⓐ একচেটিয়া বাজার
ⓑ পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার
ⓒ মনোপসনি বাজার ⓓ ডুয়োপলি বাজার — গ

১২১. প্রতিযোগিতার ভিত্তিতে বাজার কত প্রকার? (জ্ঞান) [ঠাকুরগাঁও সরকারি কলেজ]
ⓐ দুই ⓑ তিন ⓒ চার ⓓ পাঁচ — ক

১২২. কোন বাজারের সব উপকরণ পরিবর্তনযোগ্য? (জ্ঞান)
ⓐ স্বল্পকালীন বাজার
ⓑ অতি স্বল্পকালীন বাজার
ⓒ দীর্ঘকালীন বাজার
ⓓ অতি দীর্ঘকালীন বাজার — গ

১২৩. কোন বাজারে চাহিদার যেকোনো পরিবর্তনের সাথে যোগানের যেকোনো পরিবর্তন সম্ভব? (জ্ঞান)
ⓐ অতি স্বল্পকালীন ⓑ দীর্ঘকালীন
ⓒ স্বল্পকালীন ⓓ সবসময় — খ

১২৪. ঈদ উপলক্ষে মি. করিম নরসিংদীর বাবুরহাট থেকে কাপড় কিনে এনে পুরানো ঢাকায় বিক্রি করেন। এখানে কোন জাতীয় বাজারকে নির্দেশ করা হয়েছে? (প্রয়োগ)
ⓐ স্থানীয় বাজার ⓑ কাপড়ের বাজার
ⓒ আন্তর্জাতিক বাজার ⓓ জাতীয় বাজার — ঘ

১২৫. পূর্ণ প্রতিযোগিতায় P = ? (জ্ঞান) [প্রশ্ন নং ২]
ⓐ AR = MR ⓑ AR > MR
ⓒ AR < MR ⓓ AR ≥ MR — ক

১২৬. নিম্নের কোন বাজারে দাম স্থির থাকে? (জ্ঞান) [ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ]
ⓐ একচেটিয়া ⓑ ডুয়োপলি
ⓒ অলিগোপলি ⓓ পূর্ণপ্রতিযোগিতামূলক — ঘ

১২৭. কখন AC = MC হয়? (অনুধাবন) [সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল]
ⓐ যখন AC সর্বনিম্ন ⓑ যখন AC সর্বোচ্চ
ⓒ AC যখন নিম্নগামী ⓓ যখন AC উর্ধ্বগামী — ক

১২৮. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কীভাবে পণ্যের মূল্য নির্ধারিত হয়? (অনুধাবন) [রাজশাহী সরকারি মহিলা কলেজ]
ⓐ চাহিদা ও যোগান দ্বারা
ⓑ কয়েকজন বিক্রেতা দ্বারা
ⓒ অসংখ্য ক্রেতা বিক্রেতা দ্বারা
ⓓ একজন বিক্রেতা দ্বারা — ক

১২৯. কোন বাজারে একটি ফার্মকে দাম গ্রহণকারী বলা হয়? (জ্ঞান) [নিউ গভ. ডিগ্রি কলেজ, রাজশাহী]
ⓐ একচেটিয়া ⓑ ডুয়োপলি
ⓒ অলিগোপলি ⓓ পূর্ণপ্রতিযোগিতামূলক — ঘ

১৩০. মোট আয় ও মোট ব্যয় সমান হলে তাকে কী বলা হয়? (জ্ঞান)
ⓐ সর্বোচ্চ মুনাফা ⓑ স্বাভাবিক মুনাফা
ⓒ উচ্চ মুনাফা ⓓ সর্বনিম্ন মুনাফা — খ

১৩১. মনোপসনি বাজারে ক্রেতা কতজন থাকে? (জ্ঞান) [বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা]
ⓐ ১ জন ⓑ ২ জন ⓒ ৩ জন ⓓ ৪ জন — ক

১৩২. 'Monopoly' শব্দটির বাংলা পরিভাষা কী? (জ্ঞান) [আব্দুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী]
ⓐ একমুখী ⓑ একরোখা
ⓒ একচেটিয়া
ⓓ একচেটিয়া প্রতিযোগিতামূলক — গ

১৩৩. কোন বাজারে ফার্মের দাম সৃষ্টিকারী হিসেবে বিবেচনা করা হয়? (জ্ঞান) [ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ]
ⓐ মনোপসনি ⓑ ডুয়োপলি
ⓒ অলিগোপলি ⓓ মনোপলি — ঘ

১৩৪. একচেটিয়া বাজারের ক্ষেত্রে কোনটি সঠিক? (জ্ঞান) [সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল]
ⓐ AR = MR = P ⓑ MR >AR = P
ⓒ AR >MR ⓓ MR = P >AR — গ

১৩৫. দাম সৃষ্টিকারী (Price maker) বাজার কোনটি? (জ্ঞান)
ⓐ পূর্ণ প্রতিযোগিতা ⓑ একচেটিয়া বাজার
ⓒ স্থানীয় বাজার ⓓ আন্তর্জাতিক বাজার — খ

১৩৬. একচেটিয়া কারবারির উৎপাদনের লক্ষ্য কী? (জ্ঞান)
ⓐ মুনাফা অর্জন ⓑ বাজার নিয়ন্ত্রণ
ⓒ পণ্য উৎপাদন ⓓ প্রতিযোগিতা করা — ক

১৩৭. কোন বাজারে ফার্ম ও শিল্পকে আলাদা করে দেখানো হয় না? (জ্ঞান)
ⓐ পূর্ণ প্রতিযোগিতার বাজার
ⓑ ডুয়োপলি বাজার ⓒ একচেটিয়া বাজার
ⓓ অপূর্ণ প্রতিযোগিতার বাজার — গ

১৩৮. একচেটিয়া ফার্মের চাহিদা রেখার আকৃতি কেমন? (জ্ঞান) [ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ]
ⓐ ডানদিকে নিম্নগামী
ⓑ লম্ব অক্ষের সমান্তরাল
ⓒ ভূমি অক্ষের সমান্তরাল
ⓓ ডানদিকে উর্ধ্বগামী — ক

১৩৯. বাংলাদেশের LUX সাবানের বাজারকে কোন ধরনের বাজার বলা হয়? (প্রয়োগ)
ⓐ একচেটিয়া বাজার
ⓑ পূর্ণ প্রতিযোগিতার বাজার
ⓒ কয়েকজন বিক্রেতার বাজার
ⓓ একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার — ঘ

Teachingbd.com

১৪০. সাজিদ সাহেব দুটি লাক্স সাবান, দুটি হুইল সাবান, এক প্যাকেট হুইল পাউডার এবং একটি ক্লোজআপ পেস্ট ক্রয় করলেন। তাঁর ক্রয়কৃত সামগ্রী কোন বাজারের অন্তর্ভুক্ত? (প্রয়োগ)
ক) ডুয়োপলি বাজার
খ) একচেটিয়া বাজার
গ) স্থানীয় বাজার
ঘ) একচেটিয়ামূলক প্রতিযোগিতা — ঘ

১৪১. The Monopolist is the Industry কে বলেছেন? (জ্ঞান)
ক) আর.জি.ডি অ্যালেন খ) পিয়েরে স্রাফা
গ) আর.জি লিপসি ঘ) চেম্বারলিন — গ

১৪২. Competition among few মার্কেট বলা হয় কোনটিকে? (জ্ঞান)
ক) ডুয়োপলি খ) অলিগোপলি
গ) মনোপসনি ঘ) ডুয়োপসনি — খ

১৪৩. কর্ণফুলী পেপার মিল পার্বত্য চট্টগ্রামের অনেক চাষি থেকে কাগজ তৈরির কাঁচামাল বাঁশ ক্রয় করে। এখানে কোন ধরনের বাজার সৃষ্টি হয়েছে? (জ্ঞান) [চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]
ক) মনোপলি খ) ডুয়োপলি
গ) মনোপসনি ঘ) অলিগোপলি — গ

১৪৪. পিতা ও পুত্র পারিবারিকভাবে প্রাপ্ত ব্যথা নিরাময়ের জন্যে আয়ুর্বেদীয় ওষুধটি আজও চালিয়ে আসছে। পিতা ও পুত্রের এই বাজারকে কী ধরনের বাজার বলা যায়? (প্রয়োগ)
ক) একচেটিয়া বাজার খ) পারিবারিক বাজার
গ) দুজন বিক্রেতার বাজার
ঘ) স্থানীয় বাজার — গ

১৪৫. প্রতিটি ফার্মের মূল লক্ষ্য কী? (জ্ঞান) [ঠাকুরগাঁও সরকারি কলেজ]
ক) উৎপাদন করা খ) মুনাফা অর্জন করা
গ) জনকল্যাণ করা ঘ) দেশের উন্নয়ন করা — খ

১৪৬. মোট ব্যয় কী? (জ্ঞান)
ক) TR – TC খ) TR = P × Q
গ) TC = AC × Q ঘ) MR – MC — গ

১৪৭. বাজারের অপরিহার্য শর্ত হলো— (অনুধাবন)
i. নির্দিষ্ট সময় ও দাম
ii. এক বা একাধিক অঞ্চল ও ক্রেতা-বিক্রেতা
iii. ক্রয়-বিক্রয়যোগ্য এক বা একাধিক দ্রব্য সেবা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii — ঘ

১৪৮. পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে— (অনুধাবন) [সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল]
i. AR = MR ii. P = AR = MR
iii. MR > P
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i,ii ও iii — ক

১৪৯. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্য হচ্ছে— (অনুধাবন) [ঢাকা কমার্স কলেজ]
i. অসংখ্য ক্রেতা-বিক্রেতা
ii. দ্রব্যটি সমজাতীয়
iii. অধিক বিজ্ঞাপন খরচ
নিচের কোনটি সঠিক?
ক) i, ii ও iii খ) i ও ii গ) i ও iii ঘ) ii ও iii — খ

১৫০. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে অস্বাভাবিক মুনাফার ক্ষেত্রে— (অনুধাবন) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
i. প্রান্তিক আয় ও প্রান্তিক ব্যয় সমান
ii. গড় আয় ও প্রান্তিক আয় সমান
iii. গড় ব্যয় ও গড় আয় সমান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) ii ও iii — ক

১৫১. অপূর্ণ প্রতিযোগিতার বাজার হলো— (অনুধাবন) [বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা]
i. অলিগোপলি বাজার
ii. একচেটিয়া বাজার iii. শেয়ার বাজার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i,ii ও iii — ক

১৫২. একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজারে বিক্রেতারা পণ্যের পৃথকীকরণের চেষ্টা করে— (অনুধাবন) [রাজশাহী সরকারি মহিলা কলেজ]
i. বিজ্ঞাপনের মাধ্যমে
ii. আকৃতি ও রঙের মাধ্যমে
iii. ট্রেডমার্কের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii — ঘ

১৫৩. ডুয়োপলি বাজারের শর্ত হলো — (অনুধাবন)
i. দুই জন বিক্রেতা ii. অনেক ক্রেতা
iii. একই ধরনের পণ্য
নিচের কোনটি সঠিক ?
ক) i এবং ii খ) ii এবং iii
গ) i এবং iii ঘ) i, ii এবং iii — ঘ

১৫৪. মুনাফা সর্বোচ্চকরণের আধুনিক পদ্ধতিতে শর্ত হলো— (অনুধাবন)
i. MR = MC ii. TR > TC
iii. MR = MC , MR রেখার ঢাল < MC রেখার ঢাল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii — গ

**উদ্দীপকটি পড়ো এবং ১৫৫ ও ১৫৬নং প্রশ্নের উত্তর দাও:**
জাহাঙ্গীর সাহেবের ফার্মটি X দ্রব্য উৎপাদন করে। X দ্রব্য উৎপাদনের আর কোন ফার্ম নেই। দ্রব্যটি কোন নিকট বিকল্প দ্রব্য না থাকায় রহিম মিয়া X দ্রব্যের দাম অধিক ধার্য করলেন। [মৌলভীবাজার সরকারি কলেজ]

১৫৫. উদ্দীপকে বর্ণিত ঘটনা কোন ধরনের বাজারকে প্রতিফলিত করে? (প্রয়োগ)
ক) পূর্ণ প্রতিযোগিতামূলক খ) একচেটিয়া
গ) অলিগোপলি ঘ) মনোপসনি — খ

১৫৬. উদ্দীপক দ্বারা নির্দেশিত বাজারের বৈশিষ্ট্য হলো— (উচ্চতর দক্ষতা)
i. একজন ক্রেতা ii. একজন বিক্রেতা
iii. নিকট বিকল্প দ্রব্য থাকবে না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii — গ